দৈনিক সংবাদ

তারিখ 12 JAN 1989
পৃষ্ঠা ৭ কলাম ২

২

# গফরগাঁয়ের ৯টি প্রাথমিক বিদ্যালয়

প্রাথমিক শিক্ষার প্রতি গুরুত্ব আরোপ করবার কথা সরকার বলছেন গালভরে। বিদ্যালয়গুলোর উন্নতিকল্পে প্রকল্প-পরিকল্পনা আর কাঁড়ি কাঁড়ি অর্থ ব্যয়ের খবরও প্রায়শঃই শোনা যাচ্ছে সরকারী প্রচার মাধ্যমগুলোতে। কিন্তু গ্রামের বাস্তব অবস্থা যে কি, এই ছবিগুলোই তার প্রমাণ।

গফরগাঁয়ে রয়েছে ১৬০টি প্রাথমিক বিদ্যালয়। এর মধ্যে ৯টির অবস্থা খুবই করুণ। ফলে প্রায় ৩ হাজার শিশু বঞ্চিত হচ্ছে প্রাথমিক শিক্ষার আলো থেকে। এসব বিদ্যালয়ের বেড়া নেই, চাল ভাঙ্গা, ছাত্রছাত্রীদের বসবার বেঞ্চ নেই, চেয়ার টেবিল আলমারী ব্লাকবোর্ড কিছুই নেই।

এসব প্রাথমিক বিদ্যালয় হলো : ছয়বাড়ীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, খুনাখাট উত্তরপাড়া বিদ্যালয়, কুর্শাপুর বিদ্যালয়, চর কামারিয়া বিদ্যালয়, চর আলগী নয়াপাড়া বিদ্যালয়, পালইকান্দা মধ্যপাড়া বিদ্যালয়, কাঁঠালডিঙ্গা বিদ্যালয়, মহির খারুয়া বিদ্যালয়, পোড়াবাড়ীয়া বিদ্যালয়। এগুলো সবই সরকারী প্রাথমিক বিদ্যালয়।

আমাদের গফরগাঁয়ের নিজস্ব সংবাদদাতা ফকির এ, মতিন বিভিন্ন এলাকা ঘুরে এসব প্রাথমিক বিদ্যালয়ের ছবি তুলে এনেছেন। দেশের একটি উপ-জেলাতেই যদি প্রাথমিক শিক্ষার এ দশা হয়, তাহলে গোটা দেশের চিত্র কি তা সহজেই অনুমেয়।